পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ইআবি/পনি/ ফাজিল অনার্স/২০১৮/৬৮২

৩০ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
১৪ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ
০২ যিলহজ্জ, ১৪৩৯ হিজরি

বিজ্ঞপ্তি

ফাজিল (অনার্স) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা- ২০১৮ এর নিয়মিত, অনিয়মিত পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাজিল (অনার্স) মাদরাসার অধ্যক্ষবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফাজিল অনার্স ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ এর নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ফরম পূরণের নিমিত্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন করতে হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলি এবং ফি-এর হার নিম্নে উল্লেখ করা হলো-

পরীক্ষা শুরু হওয়ার সম্ভাব্য তারিখ : ০২/১০/২০১৮

১. অন-লাইনে (eFF) ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলি :

ক্রম.	কাজের বিবরণ	তারিখ
১	বিলম্ব ফি ব্যতীত ফাজিল (অনার্স) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ এর অনলাইন eFF করার তারিখ।	২৮.০৮.২০১৮ হতে ০৮.০৯.২০১৮ তারিখ পর্যন্ত
২	বিলম্ব ফি ব্যতীত ফাজিল (অনার্স) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮-এর ফি ও অন্যান্য ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ।	০৯.০৯.২০১৮ হতে ১১.০৯.২০১৮ তারিখ পর্যন্ত
৩	বিলম্ব ফিসহ ফাজিল (অনার্স) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮-এর অনলাইন eFF করার তারিখ।	০৯.০৯.২০১৮ হতে ১১.০৯.২০১৮ তারিখ পর্যন্ত
৪	বিলম্ব ফিসহ ফাজিল (অনার্স) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮-এর ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ।	১২.০৯.২০১৮ হতে ১৩.০৯.২০১৮ তারিখ পর্যন্ত
৫	পরীক্ষার ফি, অন্যান্য ফি বাবদ ব্যাংক জমা রশিদ, আনুষঙ্গিক কাগজপত্র, অনলাইনে (eFF) ফরম পূরণের পর প্রাপ্ত পরীক্ষার্থীদের তালিকা অধ্যক্ষের স্বাক্ষরসহ বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার তারিখ।	১৬.০৯.২০১৮ হতে ১৮.০৯.২০১৮ তারিখ পর্যন্ত

২.১ পরীক্ষার্থীর যোগ্যতা: ফাজিল (অনার্স) ১ম বর্ষ

ক) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ফাজিল (অনার্স) ১ম বর্ষে ভর্তি হওয়ার পর যে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে, তারা ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা- ২০১৮ তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ফাজিল (অনার্স) ১ম বর্ষে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে কিন্তু ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এবং ২০১৭ তে অংশগ্রহণ করতে পারেনি, তারা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তিকৃতদের সাথে ২০০/- (দুইশত) টাকা পুনঃভর্তি ফি প্রদান করে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা ২০১৮ এ অংশগ্রহণ করতে পারবে।

গ) যে সকল পরীক্ষার্থী ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা ২০১৬ এবং ২০১৭ তে অংশগ্রহণ করতে পারেনি, তারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৮ তে অংশগ্রহণ করতে পারবে।
উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ শিক্ষবর্ষ থেকে ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষার বিষয় কোড হবে ০৬ (ছয়) ডিজিটের।

২.২ পরীক্ষার্থীর যোগ্যতা : ফাজিল (অনার্স) ২য় ও ৩য় বর্ষ

ক) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীরা ফাজিল (অনার্স) ২য় বর্ষ পরীক্ষা-২০১৮ এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীরা ফাজিল (অনার্স) ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ফাজিল (অনার্স) ২য় বর্ষ পরীক্ষা-২০১৭ তে অংশগ্রহণ করেনি, তারা ফাজিল (অনার্স) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ২য় বর্ষে ভর্তিকৃতদের সাথে ২০০/- (দুইশত) টাকা পুনঃভর্তি ফি প্রদান করে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (অনার্স) ২য় বর্ষ পরীক্ষা-২০১৮ তে অংশগ্রহণ করতে পারবে।

১৪.৮.১৮

৩.১ রিটেইক (Retake) :

ক) যে সকল শিক্ষার্থী ফাজিল (অনার্স) ১ম বর্ষ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তি হয়ে ২০১৭ সালে অনুষ্ঠিত পরীক্ষায় যে কোনো ১ (এক)টি বিষয়ে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা ১ (এক)টি বিষয়ে অনুপস্থিত রয়েছে, তারা ৪০০/- (চারশত) টাকা ব্যাংকে জমাদান সাপেক্ষে ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৮ তে উক্ত বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

খ) যে সকল শিক্ষার্থী ফাজিল (অনার্স) ২য় বর্ষ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তি হয়ে ২০১৭ সালে অনুষ্ঠিত পরীক্ষায় যে কোনো ১ (এক)টি বিষয়ে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা ১ (এক)টি বিষয়ে অনুপস্থিত রয়েছে তারা ৪০০/- (চারশত) টাকা ব্যাংকে জমাদান সাপেক্ষে ফাজিল (অনার্স) ২য় বর্ষ পরীক্ষা-২০১৮ তে উক্ত বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

৩.২ গ্রেড উন্নয়ন পরীক্ষা:

ক) যে সকল শিক্ষার্থী ফাজিল (অনার্স) ১ম বর্ষ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ২০১৭ সালে অনুষ্ঠিত পরীক্ষায় যে বিষয়ে D গ্রেড পেয়েছে, সে বিষয়ে মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ফাজিল (অনার্স) ২য় বর্ষ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ২০১৭ সালে অনুষ্ঠিত পরীক্ষায় যে বিষয়ে D গ্রেড পেয়েছে, সে বিষয়ে মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৪. রেজিস্ট্রেশন সংক্রান্ত :

আবেদন ফরমে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ না থাকলে ফরম পূরণের আবেদন গ্রহণ করা হবে না। সংশ্লিষ্ট পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে ফরম ফিলাপ করার জন্য অধ্যক্ষবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৫. অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলি :

ক) eFF -এর Login Password -এর ক্ষেত্রে eSIF -এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী ব্যাংকের নিজস্ব জমা রশিদের মাধ্যমে সমপরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত রশিদটির মূল কপি অবশ্যই পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে জমা দিতে হবে।

খ) অসম্পূর্ণ আবেদন যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

৬. যাবতীয় ফি-এর হার নিম্নে ছক আকারে প্রদত্ত হলো :

ক. ফাজিল (অনার্স) ১ম বর্ষ :

বিষয়ের নাম	পরীক্ষার ফি (প্রতি কোর্স)	টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি কোর্স)	জাতীয় শিক্ষা সপ্তাহ (প্রতি শিক্ষার্থী)	মোট	গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি (প্রতি কোর্স)	বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী)
* আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ * আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ * দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ * আরবি ভাষা ও সাহিত্য * ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২২০ X ৭	৫০ X ৭	৫.০০	১৮৯৫.০০	৪০০.০০	৪০০.০০

খ. ফাজিল (অনার্স) ২য় ও ৩য় বর্ষ :

বিষয়ের নাম	পরীক্ষার ফি (প্রতি কোর্স)	টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি কোর্স)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র)	জাতীয় শিক্ষা সপ্তাহ (প্রতি ছাত্র)	মোট	গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি (প্রতি কোর্স)	বিলম্ব ফি (প্রতি ছাত্র)
* আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ * আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ * দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ	২২০.০০ (১০টি কোর্স)	৫০.০০ (১০টি কোর্স)	৪০০.০০	৫.০০	৩১০৫.০০	৪০০.০০	৪০০.০০
* আরবি ভাষা ও সাহিত্য * ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২২০.০০ (৮টি কোর্স)	৫০.০০ (৮টি কোর্স)	৪০০.০০	৫.০০	২৫৬৫.০০	৪০০.০০	৪০০.০০

ক) ফাজিল (অনার্স) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ পরীক্ষার্থীর কেন্দ্র ফি বাবদ জনপ্রতি ৫০০.০০ (পাঁচশত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে।

২৪.৮.১৮

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

৭. পরীক্ষা ফি ব্যাংকে জমা দেওয়ার নিয়মাবলি :

ক) বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ফি Online Banking এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ধানমন্ডি, ঢাকার হিসাব নম্বর ০২০০০০৯০৮২৩৪১ (ইআবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। তবে টাকা জমা দেওয়ার মূল রশিদ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

খ) ব্যাংকে টাকা জমার পর নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে এবং তা জমাদানের পূর্বে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদরাসার সিলসহ স্বাক্ষর করবেন।

গ) নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদি ফি হিসেবে গ্রহণ করা হবে না।

ঘ) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনোক্রমেই পরীক্ষার ফি জমা দেয়ার রশিদ গ্রহণ করা হবে না।

ঙ) টাকা জমার মূল রশিদ এবং অন্যান্য কাগজপত্র জমা দেয়ার সময় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের হালনাগাদ অধিভুক্তি নবায়ন কপি এবং গভর্নিং বডি অনুমোদন কপি অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় পরীক্ষাসংক্রান্ত কোনো কাগজপত্র গ্রহণ এবং বিতরণ করা হবে না।

৮. অন্যান্য বিষয় সংক্রান্ত :

ক) ফরম পূরণ সংক্রান্ত কাগজপত্র ডাকযোগে পাঠালে তা গ্রহণ করা হবে না।

খ) অবৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি, বহিষ্কার হওয়ার কারণে ২০১৮ সালের পরীক্ষা দেওয়ার যোগ্য নয় এমন ধরণের শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন। এ ধরণের পরীক্ষার্থীর ফলাফল বাতিল বলে গণ্য হবে।

০৯. বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৮ সালের ফাজিল (অনার্স) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

যোগাযোগের জন্য
০১৭০৯-৩৮৯০০৭, ০১৭১৩-৫৫৬১৭৮

১৪.৮.১৮
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি/ ফাজিল অনার্স/২০১৮/৬৮২ তারিখ: ১৪.০৮.২০১৮ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:
১। ডীন, ফাজিল স্নাতক শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। অধ্যক্ষ, সকল ফাজিল (অনার্স) মাদরাসা।
৪। সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফাজিল (অনার্স) পরীক্ষা-২০১৮।
৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬। ট্রেজারার মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭। আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। অফিস কপি।

১৪.৮.২০১৮
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।